

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা।

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ জানুয়ারী ২০০৩ / ০৯ মাঘ ১৪০৯

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৭-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাণ্ড উন্নয়ন প্রকল্পের পদ/জনবল রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ সচিব কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

(১)	মন্ত্রিপরিষদ সচিব,	-	আহ্বায়ক
(২)	সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	-	সদস্য
(৩)	সচিব, অর্থ বিভাগ	-	সদস্য
(৪)	সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	-	সদস্য
(৩)	সচিব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ	-	সদস্য

(খ) কমিটির কার্যপরিধি :

কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাণ্ড উন্নয়ন প্রকল্পের পদ/জনবল রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা করিয়া রাজস্বখাতে স্থানান্তরযোগ্য পদ/জনবলের ব্যাপারে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করিবে।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বা/-

তারিখঃ ২২/০১/২০০৩

(মুহম্মদ আবুল কাশেম)

যুগ্ম-সচিব

কমিটি ও উন্নয়ন।

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

অনুলিপি :

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- (২) সকল সদস্য।